19 SEP 2009

তারিখ ...............
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# গ্লোবাল একশন সপ্তাহ ২০০৯ উদযাপন

## (২০-২৬ এপ্রিল)

*(গতকালের পর)*

**'যুব ও বয়স্ক সাক্ষরতা' বিষয়ক জাতীয় পরামর্শ সভা**

২০১৫ সালের মধ্যে 'সবার জন্য শিক্ষা' কার্যক্রমের লক্ষ্য অর্জনের মাঝামাঝি পর্যায়ে অবস্থান করছি আমরা। কিন্তু 'সবার জন্য শিক্ষা'র বয়স্ক সাক্ষরতা সংক্রান্ত লক্ষ্যমাত্রার পঞ্চাশ ভাগ এখনও অর্জিত হয়নি। বাংলাদেশে এখনও প্রায় ৬ কোটি নিরক্ষর বয়স্ক রয়েছে, যার মধ্যে বেশির ভাগই নারী।

এই পরিস্থিতিতে বয়স্ক সাক্ষরতার গুরুত্ব বিবেচনা করে এবং এদিকে সকলের দৃষ্টি নিবদ্ধ করার উদ্দেশ্যে এবারের প্রতিপাদ্যকে সামনে রেখে গ্লোবাল একশান সপ্তাহের শেষ দিন ২৬ এপ্রিল ২০০৯ এলজিইডি ভবন, ঢাকায় গণসাক্ষরতা অভিযানের উদ্যোগে 'যুব ও বয়স্ক সাক্ষরতা' বিষয়ক এক জাতীয় পরামর্শ সভা আয়োজন করা হয়। এই সভায় অভিযানের বিভিন্ন অংশীজন ও সরকারের নীতি-নির্ধারণী পর্যায়ের প্রায় ৯০ জন প্রতিনিধি অংশ নেন। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মোতাহার হোসেন। সভায় সভাপতিত্ব করেন ঢাকা আহছানিয়া মিশনের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলম। সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন গণসাক্ষরতা অভিযানের ভারপ্রাপ্ত পরিচালক মুহাম্মদ আজিজুল হক।

পরামর্শ সভায় এশিয়া সাউথ প্যাসিফিক ব্যুরো অব এডাল্ট এডুকেশন (ASPBAE)-এর সাউথ এশিয়া এডভোকেসি এন্ড ক্যাম্পেইন কো-অর্ডিনেটর মো. মুনতাসীম তানভীর বিষয়ভিত্তিক উপস্থাপনায় সবার জন্য শিক্ষার ক্ষেত্রে বিশ্ব পরিস্থিতি, বাংলাদেশের অবস্থা, বিশেষ করে যুব ও বয়স্ক শিক্ষার চিত্র এবং ভবিষ্যৎ করণীয় সম্পর্কে আলোকপাত করেন। তিনি উপস্থাপনায় উল্লেখ করেন, বিশ্বে সর্বাধিক নিরক্ষর লোক যে তিনটি দেশে বসবাস করে তার মধ্যে বাংলাদেশ অন্যতম এবং দরিদ্রশ্রেণীর মধ্যে নিরক্ষরতার হারও এদেশে সর্বাধিক। আমাদের দেশে সাক্ষরতার বর্তমান হার মাত্র শতকরা ৪৮.৮% ভাগ।

বিষয়ভিত্তিক উপস্থাপনার ওপর নির্ধারিত আলোচক হিসেবে আলোচনা করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয় শিক্ষা ও উন্নয়ন ইন্সটিটিউট-এর সিনিয়র এডভাইজার ড. মনজুর আহমেদ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. কাজী সালেহ আহমেদ।

২০১৫ সালের মধ্যে সবার জন্য শিক্ষার লক্ষ্যকে সামনে রেখে ২০১০ সালের মধ্যে বাংলাদেশ সরকার যেসব কর্মসূচি বাস্তবায়নের চিন্তা করছে সে বিষয়ে পরামর্শ সভায় অবহিত করা হয়। সরকারের পক্ষ থেকে জানানো হয়, সবার জন্য (দরিদ্র জনগোষ্ঠীর) উপবৃত্তির ব্যবস্থা, ৩য় থেকে ৫ম শ্রেণী পর্যন্ত বর্তমানে প্রচলিত শতকরা ৫০% ভাগ পুরাতন বই এর স্থলে সব শিশুর জন্য নতুন বই, প্রাথমিক বিদ্যালয়ে মধ্যাহ্ন আহারসহ শিক্ষকের স্বল্পতা দূরীকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে।

**প্রেস ব্রিফিং**

গ্লোবাল একশন সপ্তাহ (২০-২৬) ২০০৯ উদযাপন উপলক্ষে জাতীয় ও স্থানীয় পর্যায়ে গৃহীত বিভিন্ন কর্মসূচি সম্পর্কে গণমাধ্যমকে অবহিত করার লক্ষ্যে গত ২০ এপ্রিল জাতীয় প্রেস ক্লাবের ভিআইপি লাউঞ্জ-এ একটি প্রেসব্রিফিং-এর আয়োজন করা হয়।

প্রেসব্রিফিং এ. সরকারের কাছে সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে বিভিন্ন দাবি তুলে ধরা হয়। এর মধ্যে যুব ও বয়স্ক সাক্ষরতা পরিস্থিতির উন্নয়ন, জাতিসংঘ সনদের আলোকে সাংবিধানিক অঙ্গীকার বাস্তবায়ন, শিক্ষা বাজেট বাড়ানো এবং সর্বস্তরের নাগরিক অংশগ্রহণের সমন্বিত জাতীয় শিক্ষানীতি প্রণয়ন করা বিষয়ের ওপর আলোকপাত করা হয়। প্রেসব্রিফিং-এ ইউনেস্কো থেকে প্রকাশিত ইএফএ গ্লোবাল মনিটরিং রিপোর্ট ২০০৯-এর সারসংক্ষেপ এবং বাংলাদেশের অগ্রগতি তুলে ধরা হয়। প্রেস ব্রিফিং-এ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার ৪০ জন সাংবাদিক উপস্থিত ছিলেন।

**'গ্লোবাল মনিটরিং রিপোর্ট ২০০৯' মতবিনিময় সভা ও অবহিতকরণ সেমিনার**

**মতবিনিময় সভা**

২০০০ সালে ডাকারে অনুষ্ঠিত বিশ্ব শিক্ষা ফোরামে ১৬৪টি দেশে গৃহীত ৬টি লক্ষ্যের অগ্রগতির ধারার প্রতি বছর গ্লোবাল মনিটরিং রিপোর্টে অনুসরণ করা হয়।

সবার জন্য শিক্ষা (EFA) অর্জনে দেশগুলোর কতটুকু অগ্রগতি অর্জিত হচ্ছে তা নিয়মিতভাবে পরিবীক্ষণের জন্য UNESCO প্রতি বছর Global Monitoring Report (GMR) প্রকাশ করে থাকে। সম্প্রতি UNESCO ২০০৯ সালের রিপোর্টটি প্রকাশ করেছে। প্রকাশিত রিপোর্টে সন্নিবেশিত কিছু গুরুত্বপূর্ণ তথ্য এখানে তুলে ধরা হলো।

* শিশু অপুষ্টি সর্বজনীন প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে একটি প্রধান অন্তরায় যা ৫ বছরের কম বয়সী শিশুদের এক-তৃতীয়াংশের ওপর প্রভাব ফেলে এবং প্রতি বছর প্রায় ৩.৫ মিলিয়ন শিশুর মৃত্যু ঘটায়।

* মেক্সিকো এবং ইকুয়েডরে সমাজ সংরক্ষণ কার্যক্রম যাতে প্রাক-শৈশবকালীন এবং মাতৃস্বাস্থ্য যত্নসেবা অন্তর্ভুক্ত, ভাল ফলাফল দিচ্ছে।

* প্রক্ষেপণে দেখা গেছে যে, যদি বর্তমান ধারা চলতে থাকে তাহলে ২০১৫ সালে ১৩৪টি দেশে ২৯ মিলিয়ন শিশু বিদ্যালয়ের বাইরে থাকবে।

* এক সমীক্ষায় দেখা গেছে, প্রায় ৭৭৬ মিলিয়ন বয়স্ক লোক সাক্ষরতার অধিকার থেকে বঞ্চিত রয়ে গেছে, এদের মধ্যে দুই-তৃতীয়াংশ নারী।

* সারা বিশ্বে মাত্র ২০টি দেশে ৮০% বয়স্ক নিরক্ষর লোক বাস করে, আর অর্ধেক বাস করে বাংলাদেশ, চীন এবং ভারতে।

রিপোর্টে বলা হয়, 'সবার জন্য শিক্ষা'র লক্ষ্যে অগ্রগতিকে ত্বরান্বিত করার জন্য দেশসমূহের পরিচালনা প্রক্রিয়ার সংস্কারে ন্যায়বিচার ও উপযুক্ত বিষয়সমূহের ওপর আরও বেশি গুরুত্ব প্রদান করতে হবে।

গ্লোবাল একশন সপ্তাহ (GAW) উপলক্ষে Glohal Monitoring Report (GAM) ২০০৯ "অসমতা অতিক্রমণ: কেন প্রশাসন গুরুত্বপূর্ণ" শীর্ষক রিপোর্ট এ (Overcoming Inequality: Why Governance Matters) প্রতিবেদনটি জাতীয় পর্যায়ে বিভিন্ন অংশীজনের সামনে প্রকাশের জন্য গত ২২ এপ্রিল ২০০৯ তারিখে এলজিইডি মিলনায়তনে (লেভেল-২) একটি সভা আয়োজন করা হয়।

উপর্যুক্ত মতবিনিময় সভার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর শিক্ষা ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। এছাড়াও সারসংক্ষেপ উপস্থাপন করেন এডুকেশন ওয়াচ ওয়ার্কিং গ্রুপ-এর সদস্য ও সেভ দ্য চিলড্রেন-ইউএসএ-এর ডিরেক্টর এডুকেশন সেক্টর ম. হাবিবুর রহমান।

চলবে

[সাক্ষরতা বুলেটিন, আষাঢ় ১৪১৬, জুন ২০০৯]